# বিএনপিতে যোগ দিলেন শহীদ মুগ্ধের ভাই স্নিগ্ধ, উপস্থিত ছিলেন তারেক রহমান



সংগৃহীত ছবি

জুলাইয়ের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে গুলিতে নিহত শহীদ মীর মাহফুজুর রহমান মুগ্ধের জমজ ভাই মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ আনুষ্ঠানিকভাবে বিএনপিতে যোগ দিয়েছেন। মঙ্গলবার (৪ নভেম্বর) রাতে গুলশানে চেয়ারপারসনের কার্যালয়ে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের হাতে তিনি দলের প্রাথমিক সদস্যপদ গ্রহণ করেন।

অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত ছিলেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। এছাড়া উপস্থিত ছিলেন স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান, আমির খসরু মাহমুদ চৌধুরী, ঢাকা মহানগর উত্তর বিএনপির আহ্বায়ক আমিনুল হক ও স্নিগ্ধের পিতা মোস্তাফিজুর রহমান।

দলীয় সূত্র জানায়, স্নিগ্ধের যোগদানকে আন্দোলনের শহীদদের পরিবারের প্রতি সম্মান প্রদর্শনের প্রতীক হিসেবে দেখছে বিএনপি।

LENS ASIA